গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(আইসিটি শাখা)
www.kurigram.gov.bd

**অক্টোবর, ২০১৭ মাসের জেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান<br>জেলা প্রশাসক<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | 15-1০-২০১৭ খ্রিঃ। |
| সভার সময় | : | বেলা-১2: 45 ঘটিকা। |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ, কুড়িগ্রাম। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর বিষয়ভিত্তিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃনং | |
|---|---|
| ১। | ১. ইউডিসি পরিদর্শন সংক্রান্তঃ |

১.১ : জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসকগণ কর্তৃক পরিদর্শন/দর্শনঃ সেপ্টেম্বর/২০১৭

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | ইউডিসি দর্শন |
|---|---|---|
| ১ | আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান, জেলা প্রশাসক | ০1 টি |

১.২ : উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউডিসি পরিদর্শন/দর্শন ও অন্যান্য তথ্যঃ সেপ্টেম্বর/২০১৭

| ক্রঃ নং | উপজেলার নাম | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ | | ইউডিসি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সভা অনুষ্ঠানের তারিখ | সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে কিনা | মোট ইউডিসির সংখ্যা | ইউএনও কর্তৃক পরিদর্শন | ইউএনও কর্তৃক দর্শন | ইউডিসির এর মাসিক মোট আয় (টাকা) | ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা | অন্যান্য প্রশিক্ষণ |
| 1 | কুড়িগ্রাম সদর | 1১/০9/২০১৭ খ্রিঃ | না | ০৮ টি | 02 | 02 | 20,436/- | 226 জন | - |
| ২ | রাজারহাট | ১0/০9/২০১৭ খ্রিঃ | না | ০৭ টি | 02 | 04 | 26,560/- | 76 জন | - |
| ৩ | উলিপুর | 07/০9/২০১৭ খ্রিঃ | না | ১৩ টি | 02 | 03 | - | - | - |
| ৪ | চিলমারী | - | না | ০৬ টি | 03 | 02 | - | - | - |
| ৫ | রৌমারী | - | - | ০৬ টি | - | - | - | - | - |
| ৬ | রাজিবপুর | ১3/০9/২০১৭খ্রিঃ | না | ০৩ টি | 03 | 03 | - | - | - |
| ৭ | ভূরুঙ্গামারী | - | না | ১০ টি | - | - | 2040/- | 13 জন | - |
| ৮ | নাগেশ্বরী | 11/09/2017 খ্রিঃ | না | ১৪ টি | 02 | 03 | 23,580/- | 159 জন | - |
| ৯ | ফুলবাড়ী | 11/০9/২০১৭খ্রিঃ | না | ০৬ টি | 01 | 01 | 39,108/- | 843 জন | - |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২। | **জেলা, উপজেলা ও ইউনিয়নের ওয়েব পোর্টালের তথ্যঃ**<br>সভায় জানানো হয় যে, বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়ন (www. bangladesh. gov.bd) বিশ্বের বৃহত্তম তথ্য বাতায়নগুলোর মধ্যে অন্যতম। জাতীয় তথ্য বাতায়নের তথ্যগুলো বাংলার পাশাপাশি ইংরেজিতে প্রদান করা হলে বিদেশি নাগরিকগণ সহজেই তথ্য ও সেবা গ্রহণ করতে পারবেন। এ জন্য জেলা ওয়েব পোর্টালের তথ্য উভয় ভাষাতেই হালনাগাদ করার জন্য অনুরোধ করা হয়।<br>জেলা ও উপজেলা ওয়েব পোর্টালের ত্রুটি/বিচ্যুতি, লিংক এবং অন্যান্য সকল তথ্য সঠিক আছে কিনা তা যাচাই করার জন্য জেলা পর্যায়ে জেলা ওয়েব পোর্টাল মনিটরিং কমিটি এবং উপজেলা পর্যায়ে উপজেলা ওয়েব পোর্টাল মনিটরিং কমিটি প্রতি মাসে সংশ্লিষ্ট জেলা/উপজেলায় অবস্থিত ২-৫টি দপ্তর/প্রতিষ্ঠানের সার্বিক তথ্য যাচাই করে প্রতি মাসে জেলা আইসিটি বিষয়ক কমিটির সভায় উপস্থাপন করবেন। | 1) জেলা, উপজেলা ও ইউনিয়ন পোর্টালের তথ্য উভয় ভাষাতেই হালনাগাদ করতে হবে।<br>2) প্রতি মাসে জেলা ও উপজেলার ২-৫ টি দপ্তর/ প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>3) জেলা ও উপজেলা পর্যায়ে যে সকল দপ্তরের বিভিন্ন ধরণের প্রকল্পসহ অন্যান্য তথ্য আছে তা দ্রুত ওয়েব পোর্টালে আপলোড করতে হবে। | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।<br>২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>৩) সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম।<br>৪) জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, কুড়িগ্রাম। |
| ৩। | **ইউডিসির আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোডঃ**<br>ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণের আয়ের তথ্য নিয়মিত আপলোড এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল) কর্তৃক ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন।<br>তিনি ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদেরকে আয়ের তথ্য নিয়মিত আপলোড এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে তদারকি অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | ১) নিয়মিতভাবে ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন ও তদারকি অব্যাহত রাখতে হবে।<br>২) ডিজিটাল সেন্টার পরিদর্শনের ছবি জেলা প্রশাসন, কুড়িগ্রাম নামীয় ফেসবুক পেইজে আপলোড করতে হবে।<br>৩) ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে নিয়মিত মাসিক আয়ের তথ্য আপলোড এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>২) সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম।<br>৩) সহকারী প্রোগ্রামার, কুড়িগ্রাম।<br>৪) উদ্যোক্তা, ইউনিয়ন/ পৌর ডিজিটাল সেন্টার (সকল), কুড়িগ্রাম। |
| ৪। | **অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহঃ**<br>সভায় আলোচনা হয় যে, জনগণের আবেদনের প্রেক্ষিতে দ্রুততম সময়ের মধ্যে জমির পর্চা/নকল সরবরাহ করতে হবে। কোন ধরণের সমস্যা হলে তা দ্রুত সমাধানের ব্যবস্থা করতে হবে। ইন্টারনেট সমস্যার কারণে কোন আবেদন পেন্ডিং থাকলে সেগুলোও ম্যানুয়াল পদ্ধতিতে দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>জমির পর্চা/নকলের আবেদনের ক্ষেত্রে উদ্যোক্তাদের একাউন্টে রেকর্ডরুম শাখা হতে দ্রুত ওয়ালেটে লোড প্রদানের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১) জমির নকল/পর্চা দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তি নিশ্চিত করতে হবে।<br>২) জমির পর্চা/নকল আবেদনের লোড দ্রুত প্রদান করতে হবে। | সহকারী কমিশনার (রেকর্ডরুম), কুড়িগ্রাম। |
| ৫। | **ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিঃ**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বলেন, জেলা প্রশাসকের কার্যালয়ে ই-ফাইলিং সিস্টেমে নথি আদান প্রদান কার্যক্রম চলছে। ইতোমধ্যে এ জেলার উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারি অফিসের কর্মকর্তা/কর্মচারীগণের ই-ফাইলিং প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। পর্যায়ক্রমে জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসে ই-ফাইলিং প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ পরবর্তী ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তির হার আরও বাড়াতে হবে। | ই-ফাইলিং সিস্টেমে কার্যক্রম শতভাগ উন্নীতকরণের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১) সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম।<br>২) সহকারী প্রোগ্রামার। |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৬। | **সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্তঃ**<br>উপস্থিত সকলকে দপ্তরের চিঠিপত্র প্রেরণের ক্ষেত্রে সরকারি ই-মেইল ব্যবহারের বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। এছাড়াও ই-মেইলে সংশ্লিষ্ট কর্মকর্তার নাম ও পদবী, পরিচিতি নম্বর, মোবাইল/টেলিফোন নম্বর ইত্যাদি নিশ্চিত করতেও নির্দেশনা প্রদান করা হয়। | সরকারি ই-মেইল ব্যবহার করতে হবে এবং সংশ্লিষ্ট মেইলে প্রেরকের নাম, পদবী ও টেলিফোন/মোবাইল নম্বর নিশ্চিত করতে হবে। | জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ। |
| ৭। | **উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানঃ**<br>উপজেলা পর্যায়ে আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ সম্পর্কে জানতে চাইলে সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম জানান, এ জেলার কোন উপজেলা হতে সেপ্টেম্বর/১৭ মাসের সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। সভাপতি উপজেলা থেকে নিয়মিত আইসিটি কমিটির সভার কার্যবিবরণী জেলায় প্রেরণ না করায় অসন্তোষ প্রকাশ করেন এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে নিয়মিতভাবে উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন এবং উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী তিন কার্যদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। | প্রতি মাসে উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভা সংশ্লিষ্ট মাসেই সম্পন্ন করতে হবে এবং উক্ত সভার কার্যবিবরণী সভা অনুষ্ঠানের ০৩ (তিন) দিনের মধ্যে জেলায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।<br><br>২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ৮। | **উদ্যোক্তার তথ্যঃ**<br>উপজেলা পর্যায়ে নিয়োজিত উদ্যোক্তাগণের হালনাগাদ তথ্য সম্পর্কে জানতে চাইলে সহকারী কমিশনার (আইসিটি) জানান, জেলার সকল উপজেলা হতে উদ্যোক্তাগণের তথ্য চাওয়া হলেও এখন পর্যন্ত কোন উপজেলা হতে তথ্য আসেনি। উপজেলা হতে উদ্যোক্তার তথ্য না আসায় উদ্যোক্তাগণের তালিকা এ কার্যালয়ে দ্রুত প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করেন। | উদ্যোক্তাগণের হালনাগাদ তথ্য এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম। |
| ৯। | **বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল বিষয়ক তথ্যঃ**<br>বিসিসি হতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবের পরিস্থিতি সম্পর্কে জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামের নিকট জানতে চাইলে তিনি জানান, কম্পিউটার ল্যাবের কম্পিউটারগুলোতে বিভিন্ন ধরণের সমস্যা পরিলক্ষিত হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিদর্শনের সময় যে সকল কম্পিউটারের হার্ডওয়্যারসহ অন্যান্য সমস্যা রয়েছে সেগুলো সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানগণকে মেরামত এবং রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।<br><br>সভাপতি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবের পরিদর্শন প্রতিবেদন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসারগণের নিকট হতে সংগ্রহ করে উক্ত প্রতিবেদন সমন্বয় করে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করেন।<br><br>এছাড়াও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), কুড়িগ্রামের মাধ্যমে এ জেলায় অবস্থিত সকল শিক্ষা প্রতিষ্ঠানের নামে ফেসবুক একাউন্ট খুলে দেয়া এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদপূর্বক এ কার্যালয়কে অবহিত করার জন্য জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করেন। | ১) বিসিসি কর্তৃক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবের যে কোন সমস্যা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধানগণ মেরামত এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।<br><br>২) জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম এ জেলায় অবস্থিত সকল শিক্ষা প্রতিষ্ঠানের নামে ফেসবুক একাউন্ট খোলা এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করে এ কার্যালয়কে অবহিত করতে হবে। | ১) সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম<br><br>২) জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম<br><br>৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), কুড়িগ্রাম। |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১০।</td><td><u>জাতীয় ই-গভঃ নেটওয়ার্কের ব্যবহারঃ</u><br>বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাংলাগভঃনেট এবং ইনফো-সরকার-২ প্রকল্পের মাধ্যমে জেলা ও উপজেলা পর্যায়ে ১৮,১৩০ টি সরকারী দপ্তরকে সরকারী ইন্ট্রা-নেটওয়ার্ক এর আওতায় আনা হয়েছে। সকল সরকারী ওয়েব পোর্টাল ও ই-ফাইলিং সিস্টেম ইত্যাদি এ্যাপ্লিকেশন সেবা জাতীয় ডাটা সেন্টার হতে  এই নেটওয়ার্কের মাধ্যমে প্রদান করা হয়। উক্ত নেটওয়ার্ক সঠিকভাবে ব্যবহার করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়।</td><td>জেলা এবং উপজেলা পর্যায়ের সকল দপ্তরে ই-গভঃনেটওয়ার্কের ব্যবহার নিশ্চিত করতে হবে।</td><td>জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান।</td></tr>
<tr><td>১১।</td><td><u>মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্তঃ</u><br>জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম জানান, উপজেলাভিত্তিক প্রতিমাসে ৮ (আট) টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৩ (তিন) টি  মাদ্রাসা পরিদর্শন করলে প্রমাপ অর্জিত হয়। সভাপতি বলেন, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রতিমাসে ৩ (তিন) টি করে মাধ্যমিক বিদ্যালয় এবং ১ (এক) টি করে মাদ্রাসা পরিদর্শন করবেন এবং পরিদর্শনের সময় ছবি তুলে জেলা প্রশাসন, কুড়িগ্রাম ফেসবুক পেইজে আপলোড করবেন। সেপ্টেম্বর/১৭ মাসের মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্ত তথ্যঃ
<table>
<tr><th rowspan="2">ক্রঃ নং</th><th rowspan="2">উপজেলার নাম</th><th colspan="2">মাল্টিমিডিয়া ক্লাসরুম সমৃদ্ধ শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন (সংখ্যা)</th></tr>
<tr><th>উপজেলা নির্বাহী অফিসার</th><th>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</th></tr>
<tr><td>১</td><td>রৌমারী</td><td>01</td><td>03</td></tr>
<tr><td>২</td><td>রাজারহাট</td><td>03</td><td>02</td></tr>
<tr><td>৩</td><td>রাজিবপুর</td><td>-</td><td>04</td></tr>
<tr><td>৪</td><td>নাগেশ্বরী</td><td>02</td><td>03</td></tr>
<tr><td>৫</td><td>কুড়িগ্রাম সদর</td><td>02</td><td>06</td></tr>
<tr><td>৬</td><td>চিলমারী</td><td>03</td><td>03</td></tr>
<tr><td>৭</td><td>উলিপুর</td><td>02</td><td>15</td></tr>
<tr><td>৮</td><td>ফুলবাড়ী</td><td>02</td><td>09</td></tr>
<tr><td>৯</td><td>ভূরুঙ্গামারী</td><td>02</td><td>02</td></tr>
</table></td><td>উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রতিমাসে ৩ (তিন) টি করে মাধ্যমিক বিদ্যালয় এবং ১ (এক) টি করে মাদ্রাসা পরিদর্শন করবেন এবং পরিদর্শনের ছবি জেলা প্রশাসন, কুড়িগ্রাম নামীয় ফেসবুক পেইজে আপলোড নিশ্চিত করবেন।</td><td>১) সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম<br><br>২) জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম<br><br>৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), কুড়িগ্রাম<br><br>৪) টেকনিশিয়ান (সকল), কুড়িগ্রাম</td></tr>
<tr><td>১২।</td><td><u>জনসেবায় facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্তঃ</u><br>সভাপতি বলেন জেলা প্রশাসন, কুড়িগ্রাম নামীয় ফেসবুক পেইজে বিভিন্ন জনকল্যাণমূলক এবং বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগের ছবি আপলোড করা হয়। তিনি ফেসবুক পেইজে আপলোডকৃত ছবি এবং তথ্যসমূহের বিষয়ে মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভাপতি সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা-২০১৬ অনুযায়ী নিজ নিজ দপ্তর প্রধানগণকে ফেসবুক ব্যবহারের অনুরোধ জানান।</td><td>জেলা প্রশাসন, কুড়িগ্রাম নামীয় facebook পেইজে আপলোডকৃত ছবিগুলোর বিষয়ে মতামত প্রদান করতে হবে এবং সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা-২০১৬ অনুসরণ করতে হবে।</td><td>সংশ্লিষ্ট (সকল)।</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| 13। | **<u>বিবিধঃ</u>**<br><br>ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে নাগরিক সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছানো নিশ্চিতকরণে জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরকে কম সময়ে কোন প্রকার হয়রানি ছাড়া কীভাবে জনগণকে দ্রুত সেবা প্রদান করা যায় এ ধরণের নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সভাপতি সকলের প্রতি আহবান জানান। | 1) জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে ইনোভেটিম আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br><br>২। সহকারী কমিশনার (আইসিটি) |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা আইসিটি বিষয়ক কমিটি
কুড়িগ্রাম।
ফোনঃ 0581-61645(অঃ)
ফ্যাক্সঃ ০৫৮১-৬২৩৭৪ (অঃ)
০৫৮১-৬১৬১৪ (বাঃ)
ই-মেইল-dckurigram@mopa.gov.bd